'समानो मन्त्रः समितिः समानी'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours 5th Semester Examination, 2021

## DSE-P2-BENGALI

Time Allotted: 2 Hours Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

**The question paper contains paper DSE-2A and DSE-2B**
**The candidates are required to answer any *one* from the *two* courses.**
**Candidates should mention it clearly on the Answer Book.**

## DSE-2A
## (ছোটগল্প)

১। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) বাংলা ছোটগল্পের উদ্ভব কার হাত ধরে হয়েছিল ? তাঁর প্রথম গল্পের নাম কী ? উনি মোট কয়টি ছোটগল্প লিখেছেন ?

(খ) 'স্ত্রীর পত্র' গল্পের স্ত্রীর নাম কী ? গল্পে তার বিবাহিত জীবনের কত বছরের উল্লেখ আছে ? সে বাড়ির কত নম্বর বউ ছিল ?

(গ) 'মহেশ' গল্পে বর্ণিত জমিদারের নাম কী ? তিনি কেমন প্রকৃতির মানুষ ছিলেন ?

(ঘ) 'জলসাঘর' গল্প অনুসারে রায়বাড়িতে কয়টি আস্তাবল ছিল ? সেখানে যে ঘোড়াটি ছিল তার নাম কি এবং কত বয়স ?

(ঙ) "··· বস্তার মুখটা দড়ি জড়িয়ে এঁটে বেঁধে পুকুরের জলের নীচে, পাঁকে গিয়ে শুয়ে রইল।" – কার কথা বলা হয়েছে ? তার স্বামীর নাম কী ? সে কেন এমন করল ?

(চ) 'তৃতীয় দ্যুতসভা' গল্পটি কোন্ মূল গ্রন্থ থেকে নেওয়া ? গ্রন্থটি কবে প্রকাশিত হয় ? এই গল্পে কোন্ পৌরাণিক বিষয়ের অবতারণা করা হয়েছে ?

২। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) বাংলা ছোটগল্প কল্লোল পর্বে এসে যে বাঁক নিয়েছিল, তার সংক্ষিপ্ত পরিচয় দাও।

(খ) রবীন্দ্রনাথ ঠাকুরের 'স্ত্রীর পত্র' গল্পটিকে কোন্ পর্বের অন্তর্ভুক্ত করা হয় ? রবীন্দ্রনাথের ছোটগল্পের ক্ষেত্রে এই পর্বের বৈশিষ্ট্য লেখো।

(গ) 'মহেশ' গল্পের শেষে সমাজব্যবস্থার পরিবর্তনের যে ইঙ্গিত আছে তার স্বরূপ উদ্ঘাটন করো।

(ঘ) 'জলসাঘর' গল্পের মহিম চরিত্রটির পরিচয় দাও।

(ঙ) 'দুঃশাসনীয়' গল্পে চোরাকারবারের যে পরিচয় গল্পকার দিয়েছেন তা বিবৃত করো।

(চ) 'তৃতীয় দ্যুতসভা' গল্পের মূল বক্তব্য সংক্ষেপে লেখো।

৩। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪

(ক) বাংলা হাস্যরসাত্মক গল্পধারার একটি রূপরেখা তৈরি করো।

(খ) 'স্ত্রীর পত্র' গল্পের নায়িকা চরিত্রটি চিত্রিত করো।

(গ) 'জলসাঘর' গল্পে গল্পকার জমিদারীব্যবস্থার যে ছবি তুলে ধরেছেন তার পরিচয় দাও।

(ঘ) 'মহেশ' গল্পে মহেশের মৃত্যুর জন্য কে বা কারা দায়ী যুক্তিসহ আলোচনা করো।

## DSE-2B
## (ছোটগল্প)

১। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) বাংলা কথা সাহিত্যের 'চতুর্থ সম্রাট' হলেন তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় – বক্তা কে ? কালানুক্রমে অপর তিন সম্রাটের নামোল্লেখ করো।

(খ) 'রায়বাড়ি' গল্পটি কবে, কোথায় প্রথম প্রকাশিত হয় ? এটি কোন্ গল্পগ্রন্থের অন্তর্গত ? গল্পগ্রন্থটি কাকে উৎসর্গ করা হয় ?

(গ) 'সে ঐ চাঁদের দিকে চাহিয়া রহিল।' – সে কে ? কোন্ চাঁদ ? তখন কী হয়েছিল ?

(ঘ) 'হারানের নাতজামাই' গল্পে ধ্রুব পদটি উল্লেখ করো। কার মুখে এই ধ্রুব পদটি কতবার উচ্চারিত হয়েছে ? কেন এই ধ্রুব পদটি বারবার উচ্চারিত হয়েছে ?

(ঙ) 'প্রাগৈতিহাসিক' গল্পে ভিখুর নারীসঙ্গের পরিচয় দাও।

(চ) 'অতসীমামী' গল্পে কথকের দৃষ্টিতে যতীনের রূপ বর্ণনা করো।

২। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) 'রংলাল বেশ বড় চাষী' – কৃষিজীবী রংলালের শখ-আহ্লাদের পরিচয় দাও।

(খ) 'রায়বাড়ি' গল্পে কালী বাগদী চরিত্রের পরিচয় দিয়ে গল্পে তার উপস্থিতির কারণ বুঝিয়ে দাও।

(গ) 'ব্রজ নিদ্রাসক্ত চোখ মেলিয়া বলিল — না।' - 'না' গল্পে নিদ্রাহীন ব্রজ কীভাবে, কখন নিদ্রাসক্ত হল ?

(ঘ) 'দুঃশাসনীয়' ও 'হারানের নাতজামাই' গল্পে দুই পুলিশ আধিকারিকের নাম উল্লেখ করে এদের চারিত্র সাদৃশ্য বর্ণনা করো। এই চারিত্র সাদৃশ্যের সম্ভাব্য কারণ তোমার মতে কী হতে পারে ?

(ঙ) মানিক বন্দ্যোপাধ্যায় কবে, কোন্ বিশেষ রাজনৈতিক দলের সদস্যপদ গ্রহণ করেন ? এই বিশিষ্ট রাজনৈতিক মতবাদ ছাপ ফেলেছে তোমার পাঠ্য এমন তিনটি গল্পের নামোল্লেখ করো। রাজনৈতিক মতবাদ প্রভাবিত এই তিনটি গল্পের সাধারণ চরিত্র বৈশিষ্ট্য উল্লেখ করো।

(চ) 'অতসীমামী' গল্পটি কবে, কোন্ পত্রিকায় প্রথম প্রকাশিত হয় ? লেখকের পরবর্তী গল্পধারা থেকে এই গল্প কোথায় পৃথক তা আলোচনা করো।

৩। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪

(ক) তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের 'ডাইনী' গল্পকে অতিপ্রাকৃত গল্প রূপে চিহ্নিত করা যায় কিনা এ বিষয়ে তোমার মতামত দাও।

(খ) 'রাইকমল' গল্পে বৈষ্ণবতার যে আবহ ব্যবহার করা হয়েছে তার পরিচয় দিয়ে এই আবহ ব্যবহারের কারণ নির্ণয় করো।

(গ) 'প্রাগৈতিহাসিক' শব্দের অর্থ লেখো। এই গল্পে কে বা কারা, কোন্ অর্থে প্রাগৈতিহাসিক তা বুঝিয়ে দাও।

(ঘ) 'দুঃশাসনীয়' গল্পের নামকরণের সার্থকতা বিচার করো।

——×——

'समानो मन्त्रः समितिः समानी'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Programme 5th Semester Examination, 2021

## GE1-P1-BENGALI

Time Allotted: 2 Hours | Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

### বিভাগ-ক

১। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) শ্রীরামপুর মিশন কবে প্রতিষ্ঠিত হয় ? এই প্রতিষ্ঠান গড়ে ওঠার উদ্দেশ্য কী ছিল ?

(খ) বরেন্দ্রী উপভাষা কোন্ কোন্ অঞ্চলে ব্যবহার করা হয় ? এর দুটি বৈশিষ্ট্যের উল্লেখ করো।

(গ) ঈশ্বরগুপ্ত সম্পাদিত পত্রিকাটির নাম কী ? এর প্রকাশকাল কবে ?

(ঘ) টীকা লেখোঃ লোকনিরুক্তি

(ঙ) স্বরসংগতি বলতে কী বোঝায় ? উদাহরণ দাও।

(চ) 'ত্রয়ী মহাকাব্যে'র রচয়িতা কে ? প্রকাশকালসহ রচয়িতার নাম লেখো।

### বিভাগ-খ

২। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের সামাজিক উপন্যাসগুলোর সংক্ষিপ্ত পরিচয় দাও।

(খ) ঈশ্বরচন্দ্র গুপ্তকে যুগসন্ধির কবি বলা যায় কিনা সংক্ষেপে আলোচনা করো।

(গ) বাংলা নাট্যসাহিত্যে দ্বিজেন্দ্রলাল রায়ের অবদান সংক্ষেপে আলোচনা করো।

(ঘ) ভাষা-উপভাষার মধ্যে সম্পর্ক নিরূপণ করো। বাংলা ভাষার উপভাষাগুলোর ভৌগোলিক সীমা নির্দেশ করো।

(ঙ) ইন্দো-ইউরোপীয় ভাষাবংশ থেকে কীভাবে বাংলা ভাষার উদ্ভব হল তা লেখচিত্রের মাধ্যমে প্রকাশ করো।

(চ) বাংলা গদ্যের বিকাশে রামমোহন রায়ের অবদান আলোচনা করো।

### বিভাগ-গ

৩। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪

(ক) বাংলা গদ্যসাহিত্যের বিকাশে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের অবদান আলোচনা করো।

(খ) বাংলা কথাসাহিত্যে মানিক বন্দ্যোপাধ্যায়ের অবদান আলোচনা করো।

(গ) রবীন্দ্রনাথ ঠাকুরের কাব্যধারার পরিচয় দাও।

(ঘ) বাংলাভাষার স্তর বিভাজন করে, মধ্য বাংলার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলো উল্লেখ করো।

——×——

'समानो मन्त्रः समितिः समानी'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Programme 5th Semester Examination, 2021

## SEC2-P1-BENGALI

Time Allotted: 2 Hours Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

১। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) সর্বনাম পদ কাকে বলে ? সর্বনাম পদ কতপ্রকার ও কী কী ?

(খ) জটিল বাক্য কাকে বলে ? উদাহরণসহ সংজ্ঞা দাও।

(গ) রূপান্তর করোঃ

(অ) লোকটি দরিদ্র হলেও সৎ (যৌগিক বাক্যে)

(আ) শুধু বিঘে দুই ছিল মোর ভুঁই (চলিত গদ্যে)

(ই) আমরা একসময় তার দেখা পেয়েছিলাম (সাধু গদ্যে)

(ঘ) গণশ্রোতার চরিত্র সম্পর্কে লেখো।

(ঙ) প্রশাসনিক বিজ্ঞাপন বলতে কী বোঝো ?

(চ) গণমাধ্যম কাকে বলে ? দু'টি গণমাধ্যমের নাম লেখো।

২। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) সাধু গদ্য ও চলিত গদ্যের মধ্যে পার্থক্যগুলি সূত্রাকারে লেখো।

(খ) পরিভাষা লেখোঃ Antonym, Folk Literature, Opera, Act, Dialect, Elegy, Realism, Scene, Irony, Fairy tale, Ballad, Canto.

(গ) অব্যয় পদের শ্রেণিবিভাগ করে প্রত্যেক প্রকারের উদাহরণ দাও।

(ঘ) মাস্ক পরা আবশ্যিক – এই মর্মে একটি জনকল্যাণমূলক বিজ্ঞাপন রচনা করো।

(ঙ) ব্যাখ্যামূলক প্রতিবেদন বনাম অনুসন্ধানী প্রতিবেদনের পার্থক্য কী তা লেখো।

(চ) গণমাধ্যমের শ্রেণিবিভাগ সম্পর্কে সংক্ষেপে লেখো।

৩। নিম্নলিখিত যে-কোনো ***দুটি*** প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪

(ক) বিশেষ্য পদ কাকে বলে ? উদাহরণসহ বিশেষ্য পদের প্রকারভেদ আলোচনা করো।

(খ) গঠন অনুযায়ী বাক্যের প্রকারভেদ করে এদের পারস্পরিক সম্পর্ক বিষয়ে বিস্তারিত আলোচনা করো।

(গ) গণমাধ্যম হিসেবে সমাজজীবনে সংবাদপত্রের ভূমিকা আলোচনা করো।

(ঘ) বিজ্ঞাপন কী ? বিজ্ঞাপনের শ্রেণিবিভাগ করে যে-কোনো একটি শ্রেণির বিজ্ঞাপনের খসড়া প্রস্তুত করো।

——×——